

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৪৩

তারিখ: ১৯ অগ্রহাষণ ১৪২৯

০৪ ডিসেম্বর ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং- ৩৩৫১/২০২২ এর বিষয়ে মতামত প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব রোকসানা আহমদে রক্সি, সহযোগী অধ্যাপক (ইংরেজি), লালমানিয়া মহিলা কলেজ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা এর ২৬ জন শিক্ষক বেসরকারি আমলের পদ-পদবী, বেতন, পদোন্নতি, উচ্চতর গ্রেড এবং চলমান বেতন ভাতা সংরক্ষণ ও প্রতিষ্ঠান হতে বেতন ভাতা কর্তন না করার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৩৫১/২০২২ দায়ের করেন। উক্ত রিট পিটিশন মামলা চলমান রয়েছে।

২. লালমাটিয়া মহিলা কলেজটি সরকারি/জাতীয়করণ করা হয়েছে যার কার্যক্রম চলমান। উক্ত কলেজে ২৬ জন শিক্ষক ছাড়াও নিয়মিত ৫০ জন শিক্ষক ও ৬০ জন কর্মকর্তা/কর্মচারি কর্মরত আছেন। এ ছাড়া এডহক ভিত্তিতে ৩৩ জন শিক্ষক ও ১৫ জন কর্মকর্তা/কর্মচারি কর্মরত আছেন। মামলা চমালান অবস্থায় কলেজের শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারিগণের আত্মিকণের কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সরকারি কলেজ-৫ অধিশাখা হতে মতামত চেয়েছেন।

৩. এমতাবস্থায়, সরকার কর্তৃক সরকারি/জাতীয়করণকৃত লালমাটিয়া মহিলা কলেজ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা -এর রিট মামলা চলমান অবস্থায় বাদী ২৬ জন ছাড়া বাকী শিক্ষক ও কর্মকর্তা/কর্মচারিগণকে আত্মিকরণে কোন সমস্যা হবে কি না সে বিষয়ে সুস্পষ্ট মতামত এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-১২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মাননীয় অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর
কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা-১০০০।

ইমেইল: law.section1@shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০১.২২.৩৪৩/১(৪)

তারিখ: ১৯ অগ্রহাষণ ১৪২৯

০৪ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৪-১২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব